প্রথম আলো
অনলাইন সংস্করণ

বন্ধ করুন | প্রিন্ট করুন

ঢাকা, রোববার, ২২ জুন ২০০৮, ৮ আষাঢ় ১৪১৫, ১৭ জমাদিউস সানি ১৪২৯
বর্ষ ১০, সংখ্যা ২২৫, আপডেট : বাংলাদেশ রাত ২টা ২৫ মিনিট

সপ্তম বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের কার্যক্রম শুরু

গণিত বিভাগীয় উৎসবের জন্য প্রশ্নপত্র প্রণয়নের জন্য প্রশ্নক্যাম্প ও শিক্ষার্থীদের মধ্যে সংখ্যার প্রতি আগ্রহ সৃষ্টির জন্য সংখ্যা ভ্রমণের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে শুরু হচ্ছে সপ্তম বাংলাদেশ গণিত অলিম্পিয়াডের কার্যক্রম।

সংখ্যা ভ্রমণ

সংখ্যা আসলে কেমন? কোন সংখ্যার কী বৈশিষ্ট্য? কীভাবে সেগুলো ভালোভাবে রপ্ত করা যায়?

সংখ্যাকে কি আসলে ভালোবাসা যায়? সংখ্যা কি কারও বন্ধু হতে পারে? এ রকম নানা প্রশ্নের উত্তর খোঁজার জন্য কাল সোমবার থেকে শুরু হচ্ছে সংখ্যা ভ্রমণ। গণিত অলিম্পিয়াডের একাডেমিক দলের কয়েকজন সদস্য নওরিন হাসান চমকের নেতৃত্বে দেশের বিভিন্ন স্থানে শিক্ষার্থীদের সঙ্গে সংখ্যা নিয়ে সময় কাটাবেন। প্রতিটি স্থানে আয়োজন করা হবে সংখ্যাবিষয়ক কর্মশালার।

সংখ্যা যে মানুষের কেমন বন্ধু হয়, তা আমরা জানতে পারি রামানুজন থেকে। হাসপাতালে অসুস্থ রামানুজনকে দেখতে এসে হার্ডি জানালেন–ট্যাক্সি নম্বর তেমন আকর্ষণীয় নয়; সাদামাটা–১৭২৯। শুনে, মুচকি হেসে রামানুজন জানালেন–না, মোটেই সাদামাটা নয়; বরং ১৭২৯ হলো ক্ষুদ্রতম সেই সংখ্যা, যাকে দুটি পূর্ণসংখ্যার বর্গের যোগফল এবং দুটি পূর্ণসংখ্যার ঘনর যোগফল হিসেবে প্রকাশ করা যায়। তিনি আরও জানান, এ রকম পরবর্তী সংখ্যাটি অনেক বড় হবে। এ গল্প আমরা সবাই পড়লেও কেউ এর পরবর্তী সংখ্যাটি খুঁজতে যায়নি। সেটি করেছেন আমাদের গণিতবিদ জামাল নজরুল ইসলাম। একদিন সকালে নাশতার টেবিলে বিষয়টি নিয়ে ভাবতে থাকেন তিনি। আর উত্তর খুঁজে পান দুপুরের খাওয়ার সময়। একে আমরা কী বলব?

বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সভাপতি অধ্যাপক জামিলুর রেজা চৌধুরীর সংখ্যা নিয়ে একটি শখ হলো, কোনো সংখ্যাকে দুটি সংখ্যার বর্গের বিয়োগফল হিসেবে প্রকাশ করতে পারা। এমনিতে একটি সংখ্যাকে দুটি সংখ্যার গুণফল হিসেবে প্রকাশ করতে পারলে কাজটি সহজ হয়। তবে অন্যভাবেও সেটি করা যায়। সংখ্যা নিয়ে এ রকম নানা বিষয়ের অবতারণা হবে মজার সংখ্যার কর্মশালায়। আগামীকাল বিকেল তিনটায় ঢাকার বুয়েট-সংলগ্ন পলাশী মোড়ের ফ্রেপড মিলনায়তনে হবে প্রথম কর্মশালা। অষ্টম থেকে দ্বাদশ শ্রেণীর যে কেউ এই কর্মশালায় অংশ নিতে পারবে। কেবল খাতা-কলম নিয়ে হাজির হলেই চলবে। চলতি সপ্তাহে ওই কর্মশালা অনুষ্ঠিত হবে কুমিল্লা, আশুগঞ্জ ও লক্ষ্মীপুরের রামগঞ্জ উপজেলায়। সব কর্মশালাই উন্মুক্ত। কর্মশালার ব্যাপারে সুব্রত দেবনাথের (০১৭১৬২৭১৯৭১) সঙ্গে যোগাযোগ করা যাবে।

প্রশ্ন ক্যাম্প

আন্তর্জাতিক গণিত অলিম্পিয়াডে থাকে সম্পূর্ণ নতুন ছয়টি গাণিতিক সমস্যা। সে রকমভাবে আমাদের গণিত অলিম্পিয়াডেও দেওয়া হয় নতুন নতুন সব সমস্যা, যা আমাদের দেশের কোনো পাঠ্যপুস্তকে নেই! প্রতিবছর এই কাজটি করেন গণিত অলিম্পিয়াডের একাডেমিক কমিটির সদস্যরা।

এ বছর থেকে একটি সম্পূর্ণ আবাসিক ক্যাম্পের মাধ্যমে এ কাজটি করা হবে। গণিত অলিম্পিয়াডের জ্যেষ্ঠ পরীক্ষা নিয়ন্ত্রক মহমুদুল হাসান সোহাগ ও পরীক্ষা নিয়ন্ত্রক তামিম শাহরিয়ার সুবিনের নেতৃত্বে এই ক্যাম্প ২৭ থেকে ২৯ জুন কুমিল্লার অদূরে পল্লী উন্নয়ন একাডেমিতে (বার্ড) অনুষ্ঠিত হবে। ক্যাম্পে একাডেমিক কমিটির সদস্যরা ছাড়াও গণিত অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক ও বাংলাদেশ গণিত দলের কোচ অংশ নেবেন।

গণিত শিক্ষকদের জন্য কর্মশালা

বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির উদ্যোগে গণিত শিক্ষকদের জন্য কর্মশালা আয়োজনের উদ্যোগ নেওয়া হচ্ছে। প্রাথমিকভাবে কর্মশালা ঢাকায় অনুষ্ঠিত হবে। বিভাগীয় ও জাতীয় গণিত অলিম্পিয়াডের নানা বিষয় কর্মশালার অন্তর্ভুক্ত থাকবে। শিক্ষকদের পরামর্শক্রমে অন্যান্য বিষয়ও এতে সংযোজন করা হবে। কর্মশালার বিষয়বস্তুতে কোনো নতুন বিষয় সংযোজন করার জন্য প্রস্তাব দেওয়া যেতে পারে। কর্মশালার দিনক্ষণ ও অংশগ্রহণের নিয়মাবলি ভবিষ্যতে জানানো হবে।

হৃদয়ে বাংলাদেশের উদ্যোগ

প্রবাসী বাংলাদেশিদের সংগঠন হৃদয়ে বাংলাদেশ। এই সংগঠনের উদ্যোগে দেশে গণিত শিক্ষকদের গণিত অলিম্পিয়াড কর্মকাণ্ডে সংযুক্ত হওয়ার ক্ষেত্রে সহযোগিতা করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। প্রাথমিকভাবে দেশের বিভিন্ন স্থানে গণিত অলিম্পিয়াডের জন্য এলাকার শিক্ষার্থীদের প্রশিক্ষণ দিতে আগ্রহী এমন শিক্ষকদের জন্য প্রয়োজনীয় বই ও প্রশিক্ষণের ব্যবস্থা নেওয়া হবে। বছরব্যাপী এ উদ্যোগে ঢাকায় দুটি কর্মশালা এবং এলাকায় শিক্ষক-শিক্ষার্থীদের জন্য কর্মশালার আয়োজন করা হবে। নির্বাচিত ১০ শিক্ষকের প্রশিক্ষণার্থীরা যাতে গণিত বিভাগীয় উৎসবে অংশ নিতে পারে, সেদিকে খেয়াল রাখা হবে বলে জানিয়েছেন বাংলাদেশ গণিত অলিম্পিয়াড কমিটির সাধারণ সম্পাদক। হৃদয়ে বাংলাদেশের পক্ষে যুক্তরাষ্ট্রপ্রবাসী প্রকৌশলী ফরহাদ হোসেন জানান, এই কার্যক্রমের আওতায় ঢাকায় বাংলাদেশ

গণিত অলিম্পিয়াড কমিটির তত্ত্বাবধানে গড়ে ওঠা গণিতের বইয়ের ভাণ্ডারকে আরও সমৃদ্ধ করা হবে। তা ছাড়া দেশের বিভিন্ন গণিত ক্লাবকে এই কার্যক্রমের আওতায় গণিতের বই সরবরাহ করা হবে।

গণিতের কয়েকটি বই বাংলা ভাষায় রূপান্তরের উদ্যোগও নেওয়া হবে।

হৃদয়ে বাংলাদেশের এই কর্মকাণ্ডের জন্য গণিত শিক্ষক নির্বাচনের প্রক্রিয়া অচিরেই শুরু হবে।

আগ্রহী ব্যক্তিদের প্রথম আলোর গণিত ইশকুল ও বিজ্ঞান প্রজন্ম পাতায় নজর রাখতে অনুরোধ করা হয়েছে। এ ছাড়া এ ব্যাপারে ই-মেইল mathmentor@matholympiad.org.bd ঠিকানায় যোগাযোগ করা যাবে।

সবার জন্য শুভকামনা।

?? গণিত অলিম্পিয়াড ডেস্ক

URL :
http://www.prothom-alo.com/archive/print.php?dt=2008-06-22&issue_id=961&t=f&nid=MjYwODg=

বন্ধ করুন | প্রিন্ট করুন

Home | **About Us** | **Feedback** | **Contact**

Best viewed at 1024 x 768 pixels and IE 5.5 & 6

Editor : Matiur Rahman, Published by : Mahfuz Anam, 52 Motijheel C/A , Dhaka-1000.
News, Editorial and Commercial Office: CA Bhaban, 100 Kazi Nazrul Islam Avenue, Karwan Bazar, Dhaka-1215.
Phone: (PABX) 8802-8110081, 8802-8115307-10, Fax: 8802-9130496, E-mail : info@prothom-alo.com

Concept & Design by **Prothom-Alo.com**
Copyright 2005, All rights reserved by Prothom-Alo.com